



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
আইসিটি শাখা



বিষয়: জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর'২২) নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ দেলোয়ার হোসেন মজুমদার প্রধান প্রকৌশলী
সভার তারিখ	১৬ নভেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	দুপুর: ০৩:০০ মিনিট
স্থান	সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জাতীয়শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর'২২)-এর কার্যক্রমসমূহ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-০১: সভায় নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণের সম্মুখে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের "নৈতিকতা কমিটি" পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	পদবি	কমিটিতে পদবি	নাম	মোবাইল ও ইমেইল
০১	প্রধান প্রকৌশলী	সভাপতি	জনাব মো. দেলোয়ার হোসেন মজুমদার	০১৭১২-৮৬৬ ৩৬৬ ce@eedmoe.gov.bd
০২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী-৩	সদস্য	জনাব সমীর কুমার রজক দাস	০১৭১৪-০৮৩ ০০৩ se_ho3@eedmoe.gov.bd
০৩	উপপরিচালক (প্রশাসন)	সদস্য	জনাব আসাদুজ্জামান	০১৭৭৯-১৯৮ ৭২৫ dd_ad@eedmoe.gov.bd
০৪	নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-১	সদস্য	জনাব মো. আবুল হাশেম সরদার	০১৭১১-৩৫১ ২৩৪ ee_d1@eedmoe.gov.bd
০৫	নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-২	সদস্য	জনাব মীর মুয়াজ্জেম হুসেন	০১৫৩৬-১০২ ০৬১ hmirmuazzem@yahoo.com
০৬	নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-৩	সদস্য	জনাব মো. মাহাবুবুর রহমান	০১৭১১-১৪৪ ৯২৯ ee_d3@eedmoe.gov.bd
০৭	নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-৪	সদস্য	জনাব মো. রফিকুল ইসলাম	০১৭১১-৩১১ ১২৯ ee_d4@eedmoe.gov.bd
০৮	নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)	সদস্য	জনাব অনন্ত কুমার ভৌমিক	০১৭১২-১২৩ ১৪৩ ee_ele@eedmoe.gov.bd
০৯	নির্বাহী প্রকৌশলী (ডিজাইন-২)	সদস্য	মিসেস সুমী দেবী	০১৮৪৫-৬৯৪ ৭২৩ ee_des2@eedmoe.gov.bd
১০	উপপরিচালক (অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)	সদস্য	জনাব মো. ইউনুস আলী	০১৭১১-৫৩০ ২৪৮ ao1@eedmoe.gov.bd

১১	প্রোগ্রামার	সদস্য	জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ	০১৭১৪- ৩৬৬ ৪৪২ programmer_1@eedmoe.gov.bd
১২	সহকারী প্রকৌশলী, ডেস্ক-১	সদস্য	জনাব মো. সিরাজুল ইসলাম	০১৭১১-২৮৭ ২১৮ ae_desk1@eedmoe.gov.bd
১৩	সহকারী প্রকৌশলী, ডেস্ক-২	সদস্য	জনাব রতিশ চন্দ্র সেন	০১৭১১-৮৩১ ০৮২ ratishbd@gmail.com
১৪	সহকারী প্রকৌশলী, ডেস্ক-৪	সদস্য	জনাব মো. গোলাম সাকলাইন	০১৭১২-২৭১ ৩৯৪ Saklain1975@gmail.com
১৫	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)	সদস্য	জনাব মো. জরজিসুর রহমান	০১৭১২-০৩৪ ২৮৭ em@eedmoe.gov.bd
১৬	সহকারী প্রকৌশলী	সদস্য	জনাব জাফর আলী সিকদার	০১৭১১-৩৯৪ ৯১৬ engineerzafareed@gmail.com
১৭	সহকারী প্রকৌশলী, ডেস্ক-৩	সদস্য	জনাব মো. নুরনবী মোস্তফা	০১৬৮০-১৫৫ ৯২০ tipueed2020@gmail.com
১৮	হিসাবরক্ষণ কর্মকর্তা	সদস্য	জনাব মো. আবু ছায়িদ চৌধুরী	০১৭১১-১৬৯ ৪৩৩ sayedabu719@yahoo.com
১৯	প্রশাসনিক কর্মকর্তা	সদস্য	জনাব মো. আমিনুল ইসলাম	০১৭১২-৮২৭ ৯০৪ azizuddinmasud@gmail.com
২০	সহকারী প্রশাসনিক কর্মকর্তা	সদস্য	জনাব মো. রফিকুল ইসলাম	০১৭১১-৪৫১ ৩৪৫
২১	সহকারী প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)	সদস্য	জনাব মো. আজিজ উদ্দিন মিয়াজী	০১৭১১-১৬৯ ৩৯৪ azizuddinmasud@gmail.com
২২	উচ্চমান সহকারী (প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী)	সদস্য	জনাব মো. জাহিরুল ইসলাম	০১৭৩৭-৯১৫ ৭৫৬ zahirmarium@gmail.com
২৩	পরিচালক (প্রশাসন ও অর্থ)	সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট	জনাব মো. রাহেদ হোসেন	০১৭১৬-৪৫৮ ৮৫১ dir@eedmoe.gov.bd

**সিদ্ধান্ত- ০২:** জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন এবং ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্ধারিত সময়ের মধ্যে (৩১ ডিসেম্বর'২২) কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পন্ন করে প্রমাণকসমূহ আইসিটি শাখায় জমা প্রদানের অনুরোধ করা হয়। এ কাজে সমন্বয় করার জন্য সহকারী প্রকৌশলী (পুর) জনাব মো. খালিদ হোসেন-কে দায়িত্ব প্রদান করা হয়। তাঁকে সহযোগিতা করবেন জনাব আসনাদ আহমেদ, কম্পিউটার অপারেটর, আইসিটি শাখা।

**সিদ্ধান্ত- ০৩:** সভায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের সভায় নিম্নোক্ত কাঠামো অনুযায়ী অংশগ্রহণকারীগণের তালিকা

তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সেবা গ্রহণকারী	অংশগ্রহণকারী
১	অভ্যন্তরীণ সেবা গ্রহণকারী	নিজ কার্যালয় থেকে
২	দাপ্তরিক সেবা গ্রহণকারী	নিজ কার্যালয় থেকে
৩	নাগরিক সেবা গ্রহণকারী	Stakeholder (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, ঠিকাদার)
৪	সুশীল সমাজের প্রতিনিধি	সাংবাদিক, শিক্ষাবিদ, অবসরপ্রাপ্ত কর্মকর্তা ইত্যাদি
৫	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কিংবা কর্মকর্তা-কর্মচারী	নিকটস্থ সার্কেল, জেলা অফিস প্রধান ও ১ম শ্রেণির কর্মকর্তাদের মধ্য থেকে সীমিত সংখ্যক

**সিদ্ধান্ত- ০৪:** সভায় প্রধান কার্যালয়ে সকল দপ্তর/ডেস্ক/শাখায় এবং মাঠ পর্যায়ে সার্কেল অফিসসমূহে ই-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে নতুন নিয়োগকৃত ডাটা এন্ট্রি অপারেটরগণকে প্রশিক্ষিত করে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

**সিদ্ধান্ত- ০৫:** ই-নথি সিস্টেম (সফটওয়্যার)-এ পত্রসমূহ আপলোড করার জন্য ফ্রন্ট ডেস্ক-এ একজন ডাটা-এন্ট্রি অপারেটর পদায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি অফিসিয়াল এবং নাগরিক ডাক (পত্র) সমূহ ই-নথি সিস্টেমে আপলোড করবেন।

**সিদ্ধান্ত- ০৬:** ই-জিপি সিস্টেমে সরকারি ক্রয় কার্যসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল AU (অথোরাইজড ইউজার), TEC/TOC সদস্যগণ, PE (প্রকিউরমেন্ট এনটিটি), রিভিউয়ারগণ ই-জিপি গাইডলাইন ও পিপিআর অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে ডকুমেন্ট আপলোড করবেন এবং প্রধান কার্যালয়ের ডেস্ক কর্মকর্তাগণ নোট উপস্থাপনের জন্য একটি কমন ফরম্যাট তৈরি করবেন।

**সিদ্ধান্ত- ০৭:** সমন্বয় সভা ও অন্যান্য সভার কার্যবিবরণী অনুচ্ছেদভিত্তিক পর্যালোচনা, উপস্থাপন ও সংরক্ষণের জন্য জনাব মো. ইমরান হোসেন খান, সহকারী প্রকৌশলী (পুর) এবং একজন ডাটা এন্ট্রি অপারেটর-কে দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত- ০৮:** সভায় প্রধান কার্যালয়ের নিয়োক্ত কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে পূর্ত ও পারফরমেন্স অডিট সম্পাদনের লক্ষ্যে একটি অডিট টিম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	পদবি	নাম	কমিটিতে পদবি	ফোন/ই-মেইল
১	পরিচালক (প্রশাসন ও অর্থ)	জনাব মো. রাহেদ হোসেন	আহবায়ক	০১৭১৬-৪৫৮ ৮৫১ dir@eedmoe.gov.bd
২	তত্ত্বাবধায়ক প্রকৌশলী-৩	জনাব সমীর কুমার রজক দাস	সদস্য	০১৭১৪-০৮৩ ০০৩ se_ho3@eedmoe.gov.bd
৩	নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১)	জনাব মো. আবুল হাসেম সরদার	সদস্য	০১৭১১-৩৫১ ২৩৪ ee_d1@eedmoe.gov.bd
৪	নির্বাহী প্রকৌশলী (ডিজাইন)	জনাব এস. এম. সাফিন হাসান	সদস্য	০১৭১৭-৪৪৮ ৯৬৭ shafin.42@gmail.com
৫	প্রোগ্রামার	জনাব ইফতেখার উদ্দিন আহম্মদ	সদস্য	০১৭১৪-৩৬৬ ৪৪২ programmer_1@eedmoe.gov.bd
৬	হিসাবরক্ষণ কর্মকর্তা	জনাব মো. আবু সাঈদ চৌধুরী	সদস্য	০১৭১১-১৬৯ ৪৩৩ sayedabu719@yahoo.com
৭	উপপরিচালক (প্রশাসন)	জনাব আসাদুজ্জামান	সদস্য-সচিব	০১৭৭৯-১৯৮ ৭২৫ dd_ad@eedmoe.gov.bd

সিদ্ধান্ত- ০৯: মাঠ পর্যায়ে সার্কেল ও জেলা অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ এবং স্ব স্ব অফিস ক্যাম্পাসে দৃশ্যমান স্থানে প্রদান করার নির্দেশ প্রদান করা হয়। এটি এ দপ্তরকে মাঠ পর্যায়ের অফিস প্রধানগণ অবহিত করবেন।

সিদ্ধান্ত- ১০: সভায় নব নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য আসবাবপত্র, কম্পিউটার ও অফিস সরঞ্জামাদি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১১: উপজেলা পর্যায়ে কম্পিউটার ক্রয়ের তথ্য (কতগুলো ক্রয় করা হয়েছে ও কতগুলো ক্রয় করা হয়নি) এ দপ্তরকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১২: সভায় উপজেলা কমপ্লেক্সে উপসহকারীগণের অফিস স্থাপনের লক্ষ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১৩: সভায় বিদ্যমান অর্গানোগ্রাম অনুযায়ী প্রধান কার্যালয়ের দপ্তর, ডেস্ক ও শাখাসমূহকে সুবিন্যস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১৪: দপ্তর/ডেস্ক/শাখাসমূহে ডাক ও ফাইল সংরক্ষণ ও ব্যবস্থাপনা সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সচিবালয় নির্দেশমালা অনুযায়ী ডাক রেজিস্টার ও ফাইল মুভমেন্ট রেজিস্টার তৈরি ও ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১৫: সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে "সোনার বাংলা গড়ার প্রত্যয়" পুস্তিকাটি অধ্যয়নের লক্ষ্যে সকলের নিকট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।


সিদ্ধান্ত- ১৬: অফিসের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে অপ্রয়োজনীয় আসবাবপত্র অপসারণ, মেয়াদোত্তীর্ণ/ অপ্রয়োজনীয় নথি বিনষ্টিকরণ এবং অফিসকক্ষ, করিডোর ও ওয়াসরুম পরিষ্কার পরিচ্ছন্নসহ যাবতীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত- ১৭: প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ এবং বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি (APA)-এর আওতায় শুদ্ধাচারসহ বিভিন্ন কার্যক্রমের প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে "কোয়ালিটি কন্ট্রোল ট্রেনিং"-এর মডিউল প্রস্তুত করবেন।

সিদ্ধান্ত- ১৮: GED কর্তৃক প্রকাশিত প্রেক্ষিত পরিকল্পনা, ডেল্টা প্ল্যান, SDG, রূপকল্প-২০৪১ বিষয়গুলোর সারসংক্ষেপ এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের Context-এ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উপাত্তসমূহ প্রস্তুতপূর্বক প্রধান প্রকৌশলীর নিকট দাখিল করবেন। এ কাজ বাস্তবায়ন করবেন সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মো. ইমরান হোসাইন খান।

সিদ্ধান্ত- ১৯: শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নাধীন শিক্ষা প্রতিষ্ঠানের টেকসই অবকাঠামো নির্মাণ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন, প্রকল্প বাস্তবায়ন, ADP বাস্তবায়ন ও ত্রাণিতকরণ, প্রশিক্ষণ, Stakeholder-গণের চাহিদা নিরূপণ, মানসম্মত অবকাঠামো নির্মাণ ইত্যাদি বিষয়ে ওয়ার্কশপ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ দেলোয়ার হোসেন মজুমদার  
প্রধান প্রকৌশলী

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৪.২২.১৮০

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪২৯  
০৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-৩, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর( সকল সার্কেল)
- ৬) উপ-সচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) নির্বাহী প্রকৌশলী:ডেস্ক ১/২/৩/৪, ডিজাইন-১/২, বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
- ৮) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)
- ৯) উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১০) উপপরিচালক (অর্থ) [অতিরিক্ত দায়িত্ব], শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের)
- ১২) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১৩) নৈতিকতা কমিট'র সদস্যগণ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
- ১৪) হিসাবরক্ষণ কর্মকর্তা-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
- ১৫) পিএ টু-প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থে)
- ১৬) পিএ টু-পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)



(ইফতেখার উদ্দিন আহাম্মদ)  
প্রোগ্রামার